



জালালাবাদ গ্যাস টি অ্যান্ড ডি সিস্টেম লিঃ

(পেট্রোবাংলার একটি কোম্পানি)

গ্যাস ভবন, মেন্দিবাগ, সিলেট - ৩১০০

বিষয়ঃ নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী

জালালাবাদ গ্যাস ট্রান্সমিসন অ্যান্ড ডিস্ট্রিবিউশন সিস্টেম লিঃ (জেজিটিডিএসএল) এর ২৫ ডিসেম্বর, ২০২০ তারিখের ২৮.১৬.৯১০০.০৭৭.০৬.০০১.২০.১৫০ সংখ্যক দপ্তর আদেশের অনুবৃত্তিক্রমে জাতীয় শুদ্ধাচার কৌশল (National Integrity Strategy) বাস্তবায়নের লক্ষ্যে সংশোধিত দপ্তর আদেশ নম্বর ২৮.১৬.৯১০০. ০৭৭.০৬.০০১.২১.১৮৬ তারিখ ২২ আগস্ট, ২০২১ এর মাধ্যমে নিম্নলিখিত কর্মকর্তাদের সমন্বয়ে নৈতিকতা কমিটি পুনর্গঠন করা হয়ঃ

০১.	প্রকৌ.এ.বি.এম শরীফ মহাব্যবস্থাপক (অপারেশন)	আহ্বায়ক
০২.	জনাব মোঃ শহিদুল ইসলাম কোম্পানি সচিব, অঃদাঃ	সদস্য ও ফোকাল পয়েন্ট
০৩.	জনাব মোঃ আনিসুর রহমান ডুঞ্জা উপ-মহাব্যবস্থাপক (ভান্ডার)	সদস্য সচিব
০৪.	জনাব মোঃ রফিকুল ইসলাম উপ-মহাব্যবস্থাপক (প্রশাসন)	সদস্য
০৫.	জনাব আজিজুর রহমান উপ-মহাব্যবস্থাপক (নিরীক্ষা)	সদস্য
০৬.	জনাব মোঃ আব্দুল মুকিত ব্যবস্থাপক(পাইপলাইন মেইনটেন্যান্স)	সদস্য

কমিটির কার্যপরিধি (TOR)

ক) জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের কর্মপরিকল্পনার সাথে সংগতি রেখে জেজিটিডিএসএল- এর জন্য কর্মপরিকল্পনা প্রণয়ন।

খ) প্রণয়নকৃত কর্মপরিকল্পনা বাস্তবায়নের বিষয়ে সঠিক দিক-নির্দেশনা প্রদান।

গ) জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ/পেট্রোবাংলা হতে সময়ে-সময়ে প্রাপ্ত নির্দেশনা অনুযায়ী তা বাস্তবায়ন এবং এ সংক্রান্ত বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন পেট্রোবাংলায় প্রেরণ।

ঘ) প্রতি ০২(দুই)মাস অন্তর নিয়মিতভাবে কমিটির সভা আয়োজন এবং এ সংক্রান্ত অগ্রগতি পেট্রোবাংলাকে অবহিতকরণ।

সভার কার্যক্রমঃ ৩১-০৮-২০২১ তারিখ বিকাল ৩.০০ ঘটিকায় গ্যাস ভবনের কমিটি রুমে জাতীয় শুদ্ধাচার কৌশল (National Integrity Strategy) বাস্তবায়নের লক্ষ্যে পুনর্গঠিত নৈতিকতা কমিটির প্রথম সভা কমিটির আহ্বায়ক প্রকৌ. এ. বি. এম. শরীফ, মহাব্যবস্থাপক (অপারেশন) এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। প্রথমেই গত অর্ধবছরের কর্ম-পরিকল্পনা ও লক্ষ্যমাত্রা বাস্তবায়নের বিষয়সমূহ পর্যালোচনা করা হয়।


অতঃপর কোম্পানি সচিব (অ.দা.) এবং সদস্য ও ফোকাল পয়েন্ট ২০২১-২০২২ অর্ধবছরে অত্র কোম্পানির জন্য প্রণীত কর্ম-পরিকল্পনার লক্ষ্যমাত্রার প্রতিবেদন উপস্থাপন করেন। সভাপতি কমিটির আহ্বায়ক হিসেবে পেট্রোবাংলার কর্ম-পরিকল্পনার সাথে সামঞ্জস্য রেখে অত্র কোম্পানির কর্ম-পরিকল্পনার লক্ষ্যমাত্রা সংশোধন করার প্রয়োজনীয়তা আছে কিনা, এ বিষয়ে পেট্রোবাংলার নৈতিকতা কমিটির সদস্য সচিব ও মহাব্যবস্থাপক (পরিকল্পনা) এর সাথে মুঠোফোনে যোগাযোগ করেন। অত্র কোম্পানির জন্য ইতোমধ্যে প্রণীত কর্ম-পরিকল্পনায় ১ম কোয়ার্টারে (জুলাই - সেপ্টেম্বর) সম্পাদনযোগ্য প্রতিটি বিষয়ের উপর বিস্তারিত আলোচনা এবং লক্ষ্যমাত্রা যথাযথভাবে বাস্তবায়নের উপর গুরুত্বারোপ করা হয়।

চলমান পাতা - ০২

বিস্তারিত আলোচনার পর সভায় নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

- ক) সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (Stakeholder) অংশগ্রহণে আগামী ১৫সেপ্টেম্বর, ২০২১ এর মধ্যে শাহজীবাজার আবিকায় অনলাইন সভা আহ্বানের জন্য মহাব্যবস্থাপক (বিপণন-দক্ষিণ) বরাবর পত্র প্রদান।
- খ) কর্ম পরিবেশ উন্নয়নের লক্ষ্যে স্বাস্থ্যবিধি অনুসরণ বিষয়ে প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা গ্রহণ।
- গ) বিদ্যুৎ ও পানি ব্যবহারে সশ্রমী বিষয়ক লিফলেট বিতরণ/স্টিকার স্থাপন।
- ঘ) টয়লেট ব্যবস্থাপনা উন্নয়নে প্রয়োজনীয় সংস্কার সাধন।

সভার শেষ পর্যায়ে সভাপতি কর্ম-পরিকল্পনার লক্ষ্যমাত্রা তথাকথিত বাস্তবায়ন একমাত্র উদ্দেশ্য না করে সৎ ও উদার মনোভাব নিয়ে সকলের নিকট গ্রহণযোগ্য কার্যক্রম সম্পাদন করা হলে শুদ্ধাচার কৌশল তথা নৈতিকতা কমিটির সার্বিক স্বার্থকতা প্রকাশ পাবে বলে মতামত ব্যক্ত করেন। সভায় আর কোন আলোচ্য সূচী না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।


(প্রকৌ. এ বি এম শরীফ)
মহাব্যবস্থাপক (অপারেশন)

ও

আহ্বায়ক, নৈতিকতা কমিটি।

বিতরণঃ কমিটির সকল সদস্য

অনুলিপিঃ

- ০১। ব্যবস্থাপনা পরিচালক, জালালাবাদ গ্যাস, সিলেট।
- ০২। মহাব্যবস্থাপক (বিপণন-দক্ষিণ/প্রশাসন), জালালাবাদ গ্যাস, সিলেট।
- ০৩। উপমহাব্যবস্থাপক (জেসডি), জালালাবাদ গ্যাস, সিলেট।
- ০৪। সংশ্লিষ্ট নথি।

বিদ্যুৎ ও জ্বালানি নিরাপত্তা সর্বোচ্চ অগ্রাধিকার



জালালাবাদ গ্যাস ট্রান্সমিসন এ্যান্ড ডিস্ট্রিবিউশন সিস্টেম লিঃ
Jalalabad Gas Transmission and Distribution System Ltd.

পেট্রোবাংলার একটি কোম্পানি (A Company of Petrobangla)



সূত্র নং - ২৮.১৬.৯১০০.০২৪.০৬.০০১.২১/৩৬

তারিখঃ ৩১-০৮-২০২১

সভার বিজ্ঞপ্তি

জালালাবাদ গ্যাস টি এ্যান্ড ডি সিস্টেম লিঃ (জেজিটিডিএসএল) – এর জাতীয় শুদ্ধাচার কৌশল (National Integrity Strategy) বাস্তবায়নের লক্ষ্যে সংশোধিত দপ্তর আদেশ নম্বর ২৮.১৬.৯১০০. ০৭৭.০৬.০০১.২১.১৮৬ তারিখ ২২-০৮-২০২১খ্রিঃ এর মাধ্যমে নৈতিকতা কমিটি পুনর্গঠন করা হয়। তৎপ্রেক্ষিতে কমিটির প্রথম সভা ৩১-০৮-২০২১ খ্রিঃ বিকাল ৩.০০ ঘটিকায় কমিটি রুমে অনুষ্ঠিত হবে। কমিটির সকল সদস্যবৃন্দকে যথাসময়ে সভায় উপস্থিত থেকে কমিটির কার্যক্রম বাস্তবায়নে অংশ গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

৩১/৮/২০২১
(মোঃ আনিসুর রহমান ভূঞা)
উপমহাব্যবস্থাপক (ভান্ডার)

ও
সদস্য সচিব, কমিটি।

বিতরণঃ কমিটির সকল সদস্য

অনুলিপিঃ

- ০১। উপব্যবস্থাপকের মাধ্যমে ব্যবস্থাপনা পরিচালক, জালালাবাদ গ্যাস, সিলেট।
- ০২। মহাব্যবস্থাপক (প্রশাসন), জালালাবাদ গ্যাস, সিলেট।
- ০৩। সংশ্লিষ্ট নথি।